

## প্রেস বিজ্ঞপ্তি

চেন্নাই, ১৭ এপ্রিল ২০২৪

### বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাই ও পন্ডিচেরী ইউনিভার্সিটি কর্তৃক যৌথভাবে বাংলা ও তামিল নববর্ষ উদ্‌যাপন

যথাযোগ্য উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চেন্নাইস্থ বাংলাদেশ উপ হাই কমিশন ও পন্ডিচেরী ইউনিভার্সিটি ১৬ এপ্রিল ২০২৪ তারিখে বাংলা ও তামিল নববর্ষ উদ্‌যাপন করেছে। পন্ডিচেরী ইউনিভার্সিটি-এর শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয়ের UMISARC মিলনায়তনে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরবর্তীতে, বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে বাংলা ও তামিল নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে পাখি, প্রাণী, নৌকা প্রতিকৃতিসহ একটি চিত্তাকর্ষক মঞ্জল শোভাযাত্রার আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য Professor Tharanikkarasu প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম বিভাগের এর ডিন Professor Venkata Rao এবং Ms. Lise Talbot Barre, ফ্রান্সের কনসাল জেনারেল উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য Professor Tharanikkarasu তাঁর বক্তৃতায় উপ হাই কমিশনারকে পন্ডিচেরীতে স্বাগত জানান এবং বাংলা ও তামিল নববর্ষ উদ্‌যাপনের জন্য পন্ডিচেরী ইউনিভার্সিটি-কে নির্বাচিত করার জন্য ধন্যবাদ জানান। তিনি ভারত ও বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা মহান কবি রবীন্দ্রনাথ ঠাকুরের অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন। ভবিষ্যতে শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে একসাথে কাজ করার আশাবাদ ব্যক্ত করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

জনাব শেলী সালেহীন, উপ হাই কমিশনার তাঁর বক্তব্যে 'পহেলা বৈশাখ'-কে হাজার বছরের বাঙালি সংস্কৃতির প্রতিচ্ছবি বলে উল্লেখ করেন। তিনি ২০১৬ সালে UNESCO কর্তৃক মঞ্জল শোভাযাত্রাকে Representative List of the Intangible Cultural Heritage of Humanity অন্তর্ভুক্ত করার কথা উল্লেখ করেন। এই উদ্‌যাপন আমাদের অসাম্প্রদায়িক সাংস্কৃতিক পরিচয়কে ধারণ করে যেখানে জাতি, ধর্ম, লিঙ্গ ও বয়সের বাধা ভুলে একতা ও বৈচিত্র্যকে উৎসাহিত করে বলে তিনি মন্তব্য করেন।

জনাব সালেহীন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে আগত সকল অতিথিদেরকে আপ্যায়িত করার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

*Ashim*

